

# **মা** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৮৯১

পর্ব-১৯: জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - যুদ্ধাস্ত্রের প্রস্তুতিকরণ

### আরবী

وَعَن عَلَيٌ قَالَ: كَانَتْ بِيَدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَوْسٌ عَرَبِيَّةٌ فَرَأَى رَجُلًا بِيَدِهِ قَوْسٌ فَارِسِيَّةٌ قَالَ: «مَا هَذِهِ؟ أَلْقِهَا وَعَلَيْكُمْ بِهَذِهِ وَأَشْبَاهِهَا وَرِمَاحِ الْقَنَا فَإِنَّهَا يُؤيِّدُ اللَّهُ لَكُمْ بِهَا فِي الدِّينِ وَيُمَكِّنُ لَكُمْ فِي البلادِ» . رَوَاهُ ابْن مَاجَه

#### বাংলা

৩৮৯১-[৩১] 'আলী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম-এর হাতে 'আরবীয় একটি ধনুক ছিল। তখন তিনি (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) দেখতে পেলেন অপর লোকের হাতে একটি পারস্যের (ইরানের) প্রস্তুতকৃত ধনুক। তিনি (সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম) বললেন, তোমার হাতে এটা কি? তা ফেলে দাও (ব্যবহার করো না)। তোমাদের এ ধরনের 'আরবীয় ধনুক এবং উন্নতমানের বর্শা ব্যবহার করা উচিত। কেননা এর মাধ্যমে আল্লাহ তা'আলা তোমাদেরকে (দীনের পথে) সাহায্য করবেন এবং তোমাদেরকে বিভিন্ন দেশে-শহরে-নগরে প্রতিষ্ঠিত করবেন। (ইবনু মাজাহ)[1]

## ফুটনোট

[1] খুবই দুর্বল : ইবনু মাজাহ ২৮১০, য'ঈফাহ্ ১৪৯৯, য'ঈফ আল জামি' ৫২৩১। কারণ এর সনদে 'আবদুল্লাহ বিন বুস্র একজন দুর্বল রাবী আর আশ্'আস বিন সা'ঈদ একজন মাতরূক রাবী।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (وَعَلَيْكُمْ بِهِٰذِهِ وَأَشْبَاهِهَا وَرِمَاحٍ) তোমাদের কর্তব্য এই 'আরবীয় ধনুক এবং অনুরূপ ধনুক ব্যবহার করা। আল্লাহ তোমাদেরকে এ ধনুক দ্বারা দীন প্রতিষ্ঠায় সহযোগিতা করছেন এবং তোমাদের দেশে স্থায়ী করে দিবেন।

ত্বীবী (রহ) বলেনঃ হয়ত বা সাহাবী মনে করেছিলেন 'আরবীয় ধনুকের চাইতে ফরামী ধনুক অধিক মজবুত এবং এর দ্বারা নিক্ষিপ্ত তীর অনেক দূর পর্যন্ত নিক্ষেপ করা যাবে তাই তিনি 'আরবীয় ধনুকের উপর ফরামী ধনুককে অগ্রাধিকার দিয়েছিলেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার এ ধারণাকে অমূলক বলে তা প্রত্যাখ্যান করেন



এবং বলেন, প্রকৃতপক্ষে আল্লাহ তা'আলাই তোমাদেরকে তোমাদের দীন রক্ষার জন্য সাহায্য করে থাকেন এবং তোমাদের দেশে তিনিই তোমাদেরকে বসবাস করার জন্য সুযোগ করে দেন। তোমাদের শক্তি অথবা প্রস্তুতির জন্য তোমরা সাহায্যপ্রাপ্ত হও না। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন